

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৩৯৪

পর্ব-১০: আল্লাহ তা'আলার নামসমূহ (كتاب اسماء الله تعالٰي)

পরিচ্ছেদঃ ৪. দিতীয় অনুচ্ছেদ - সকাল সন্ধ্যা ও শয্যা গ্রহণকালে যা বলবে

আরবী

وَعَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: مَنْ قَالَ حِينَ يُصبْحُ: (فَسُبْحَانَ اللَّهِ حِينَ تُمْسُونَ وَحِينَ تُصبْبِحُونَ ولهُ الحمدُ فِي السمواتِ والأرضِ وعشيًّا وحينَ تُظهرون)

إِلَى قَوْله: (وَكَذَلِكَ تُخْرَجونَ)

أَدْرَكَ مَا فَاتَهُ فِي يَوْمِهِ ذَلِكَ وَمَنْ قَالَهُنَّ حِينَ يُمْسِي أَدْرَكَ مَا فَاتَهُ فِي ليلتِهِ . رَوَاهُ أَبُو دَاوُد

বাংলা

২৩৯৪-[১৪] 'আবদুল্লাহ ইবনু 'আব্বাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি ভোরে (ঘুম হতে) উঠে এ আয়াতটি পড়বে,

''ফাসুবহা-নাল্ল-হি হীনা তুম্সূনা ওহীনা তুসবিহূন, ওয়া লাহুল হাম্দু ফিস্সামা-ওয়া-তি ওয়াল আর্যি, ওয়া 'আশিয়্যাও ওহীনা তু্যহিরূন..... ওয়াকাযা-লিকা তুখরাজন''

(অর্থাৎ- অতএব আল্লাহর পবিত্রতা ও মহিমা ঘোষণা কর তোমরা সন্ধ্যায় ও সকালে এবং আসমান ও জমিনে প্রশংসা একমাত্র তারই জন্য, আর বিকালে ও দুপুরে উপনীত হও..... এভাবে বের হবে" পর্যন্ত"- (সূরা আর্ রম ৩০ : ১৭-১৯)। সে লাভ করবে ঐদিন যা তার ছুটে গেছে। আর যখন এ দু'আ সন্ধ্যায় পড়বে তখন সে লাভ করবে যা তার ঐ রাতে ছুটে গেছে। (আবূ দাউদ)[1]

ফুটনোট

[1] খুবই দুর্বল : আবূ দাউদ ৫০৭৬, য'ঈফ আত্ তারগীব ৩৮০, য'ঈফ আল জামি' ৫৭৩৩। কারণ এর সানাদে সা'ঈদ বিন বাশীর মাজহূল এবং মুহাম্মাদ বিন 'আবদুর রহমান বিন বায়লামানী মাজহূল রাবী।



ব্যাখ্যা

ব্যাখ্যা: নাফি' ইবনু আল আরযাক ইবনু 'আব্বাস (রাঃ)-কে বললেনঃ আপনি কুরআনুল কারীমে পাঁচ ওয়াক্ত সালাত পেয়েছেন কি? উত্তরে তিনি বললেনঃ হ্যাঁ এবং এ দু'টি আয়াত তিলাওয়াত করলেন এবং বললেনঃ এ আয়াত পাঁচ ওয়াক্ত সালাত ও তার সময়কে একত্র করেছে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন